


প্রথম আলো

বুধবার, ২০ জুন ২০১২



বেশি চা ক্যানসারের ঝুঁকি বাড়ায়?

বেশি মাত্রায় চা পানকারী পুরুষদের মূত্রথলির (প্রোস্টেট) ক্যানসারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি। নতুন একটি গবেষণায় এ দাবি করা হয়েছে।

স্কটল্যান্ডের গ্লাসগো বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক গবেষণাটি চালান। তারা ছয় হাজার ১৬ জন পুরুষ স্বেচ্ছাসেবীর স্বাস্থ্যের ওপর ৩৭ বছর ধরে নজর রাখে। যেসব পুরুষ দিনে সাত কাপ বা তার চেয়েও বেশি চা পান করেছেন, তাদের মূত্রথলির ক্যানসারে আক্রান্ত হওয়ার ঝুঁকি অল্প মাত্রায় চা পানকারী পুরুষের তুলনায় শতকরা ৫০ ভাগ বেশি।

১৯৭০ সাল থেকে ২১-৭৫ বছর বয়স্ক ওই স্বেচ্ছাসেবীদের তথ্য সংগ্রহ শুরু করেন গবেষকেরা। স্বেচ্ছাসেবীরা স্বাভাবিকভাবে দিনে কয় কাপ চা বা কফি পান করেন, মদ বা ধূমপানের অভ্যাস আছে কি না ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করেন গবেষকেরা। দেখা গেছে, স্বেচ্ছাসেবীদের মধ্যে প্রায় ২৫ শতাংশই অতিমাত্রায় চা পান করেন। এদের মধ্যে ৬ দশমিক ৪ ভাগ মূত্রথলির ক্যানসারে আক্রান্ত হয়েছেন। বিবিসি।